



ব্যতিক্রমী শিক্ষা

ডিসেম্বর 2023-

এই চিঠি থেকে সরকারি এবং বেসরকারি স্কুল পছন্দ স্থির ক্ষেত্রে বিশেষ শিক্ষা প্রাপ্ত একজন শিক্ষার্থীর পিতামাতা হিসাবে আপনার বিকল্প সম্পর্কে জানতে পারবেন। 2007 সালে জর্জিয়া স্টেটের আইনসভা কর্তৃক একটি রাষ্ট্রীয় আইনের অধীনে এবং 2021 (SB47)-এর একটি সংশোধনী পাসের মাধ্যমে, বিশেষ শিক্ষা গ্রহণকারী শিক্ষার্থীদের এবং 1973 সালের ফেডারেল রিহ্যাবিলিটেশন অ্যাক্টের 504 ধারার অধীনে সেবা গ্রহণকারী শিক্ষার্থীদের পিতামাতারা যোগ্যতার মানদণ্ড পূরণ করে তাদের সন্তানকে তাদের আবাসিক ডিস্ট্রিক্টের মধ্যে অন্য একটি পাবলিক স্কুলে তাদের আবাসিক ডিস্ট্রিক্টের বাইরে অন্য একটি পাবলিক স্কুল, স্টেটের শিক্ষা পর্ষদ দ্বারা পরিচালিত বধির বা অন্ধদের জন্য একটি রাষ্ট্রীয় স্কুল অথবা একটি জর্জিয়ার বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য বৃত্তি (Georgia Special Needs Scholarship, GSNS)-এ অংশগ্রহণের জন্য অনুমোদিত বেসরকারি স্কুলে পাঠাতে পারে।

জর্জিয়ার বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য স্কলারশিপ (GSNS) প্রোগ্রাম (ডিস্ট্রিক্টের স্কুল চয়েসের ওয়েবসাইটে সেনেট বিল 10 হিসাবেও পরিচিত) হলো জর্জিয়ার সরকারি স্কুলগুলোতে অধ্যয়নরত বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য বিদ্যমান এব্যক্তিগতকৃত শিক্ষা প্রোগ্রাম (IEP) বা সেকশন 504 প্ল্যানের মাধ্যমে এই সেবা প্রদান করা হয়। এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে, এর আবেদন প্রক্রিয়া অনলাইন ভিত্তিক, এবং নির্বাচন লটারির মাধ্যমে এবং শুধুমাত্র আসন প্রাপ্যতার উপর ভিত্তি করে সম্পন্ন করা হবে।

GSNS সম্পর্কিত আরো তথ্যের জন্য বাবামায়েদেরকে Georgia শিক্ষা বিভাগের ওয়েবসাইট (<http://www.gadoe.org/External-Affairs-and-Policy/Policy/Pages/Special-Needs-ScholarshipProgram.aspx>)-এ বিদ্যমান অনেক ডকুমেন্ট পর্যালোচনা করতে উৎসাহিত করা হচ্ছে। 2024-2025 স্কুল শিক্ষাবর্ষের জন্য বৃত্তির পরিমাণ 2024-এর মধ্য জুলাইয়ের মধ্যে জর্জিয়া শিক্ষা বিভাগের ওয়েব পেইজে পাওয়া যাবে।

2024-2025 স্কুল শিক্ষাবর্ষের IEP সহ জর্জিয়া স্পেশাল স্কলারশিপ পুরস্কারের জন্য যোগ্যতা অর্জন করতে শিক্ষার্থীকে অবশ্যই নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলো পূরণ করতে হবে:

- 1) শিক্ষার্থীর অবশ্যই এমন পিতামাতা/অভিভাবক থাকতে হবে যারা বর্তমানে জর্জিয়ায় বসবাস করেন এবং কমপক্ষে এক বছরের জন্য সেখানে বসবাস করছেন, তবে, এক বছরের প্রয়োজন প্রযোজ্য হবে না যদি শিক্ষার্থীর পিতামাতা আগের বছরের মধ্যে জর্জিয়ায় অবস্থানরত একটি সক্রিয় মিলিটারি সার্ভিসের সদস্য হন এবং
- 2) শিক্ষার্থীর গত বছরের স্কুল শিক্ষাবর্ষে স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (Individualized Education Plan, IEP) ছিল এবং
- 3) শিক্ষার্থী আগের স্কুল বছরে উপস্থিতির* নিয়ম মেনে জর্জিয়া পাবলিক স্কুলে পড়েছে।

*পূর্বের স্কুল বছরে উপস্থিতি - অক্টোবর এবং মার্চ মাসে প্রতিটি স্কুল বছরে পরিচালিত কমপক্ষে একটি FTE প্রোগ্রামের সময় শিক্ষার্থী একটি পাবলিক স্কুল সিস্টেম বা স্কুল সিস্টেমে অর্থায়নের জন্য ভর্তি হয়েছিল। OCGA 20-2-2112 (5) দেখুন

ব্যতিক্রমী শিক্ষা বিভাগ (Department of Exceptional Education)

1040 Kingway Drive | Lithonia, GA 30058

678-676-1809 | www.dekalbschoolsga.org

পূর্বের স্কুল বছরে যোগদান এই ক্ষেত্রে প্রযোজ্য নয়:

- শিক্ষার্থীর পিতামাতার কেউ একজন জর্জিয়াতে আগে সক্রিয় মিলিটারি সার্ভিসেস সদস্য ছিলেন; অথবা
- আগের বছরে উপযুক্ত এখতিয়ারের আদালত কর্তৃক জারি করা আদেশ অনুসারে শিক্ষার্থীকে ফস্টার কেয়ার থেকে স্থায়ী অভিভাবকত্বের অধীনে পাঠানো হয়েছে অথবা
- শিক্ষার্থী পূর্বে রাষ্ট্রীয় আইনে প্রদত্ত স্কলারশিপের জন্য যোগ্যতা অর্জন করেছিল।

- অনুগ্রহ করে মনে রাখবেন যে পূর্বে যোগ্য শুধুমাত্র উপস্থিতির নিয়ম অনুসারে আগের স্কুল বছরটি মওকুফ হয়, আগের স্কুল বছরে IEP থাকা এবং একটি পাবলিক স্কুলে ভর্তি হওয়া সহ অন্যান্য সমস্ত প্রয়োজনীয়তা এখনও কার্যকর রয়েছে।

www.dekalbschoolsga.org/school-choice/-এ DeKalb County School District এর ওয়েবসাইটের মাধ্যমেও GSNS আবেদনে অ্যাক্সেস করা যায়।

ডিস্ট্রিক্টের মধ্যে স্থানান্তর করার জন্য বিবেচিত স্কুলগুলোতে উপযুক্ত প্রোগ্রাম রয়েছে কিনা তা নির্ধারণের জন্য অভিভাবকদেরকে 678-676-1809 নম্বরে ব্যতিক্রমী শিক্ষা বিভাগের (Exceptional Education Department) সাথে যোগাযোগ করতে হবে।

ব্যতিক্রমী শিক্ষা বিভাগ (Department of Exceptional Education)

1040 Kingway Drive | Lithonia, GA 30058

678-676-1809 | www.dekalbschoolsga.org